দৈনিক বাংলা

তারিখ ... 21.11.84 ...
পৃষ্ঠা... ৬ ... কলাম... ... ...

017

# প্রাথমিক শিক্ষা উন্নয়নে এ্যামব্যাসেডর ফাউণ্ডেশনের অর্থ দান

যুক্তরাষ্ট্রের, এ্যামব্যাসেডর ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যান এ্যামব্যাসেডর হারবার্ট ডব্লিউ আর্মস্টং মঙ্গলবার বঙ্গভবনে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের সঙ্গে দেখা করে দেশের প্রাথমিক শিক্ষা উন্নয়নে ২৫ হাজার ডলারের ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের জন্য পাঁচ হাজার ডলারের চেক প্রদান করেন। খবর বাসসর।

সফররত নেপালী রাজকুমারী প্রিন্সেস সারদা রাজলক্ষ্মী দেবী শাহ্ মঙ্গলবার বঙ্গভবনে প্রেসিডেন্ট ও প্রধান সামরিক আইন প্রশাসক লেঃ জেনারেল এইচ এম এরশাদের সঙ্গে দেখা করেন। খবর বাসসর।

রাজকুমারীর সঙ্গে নেপালের রাজকুমার খর্গে বিক্রম শাহ্ও ছিলেন। তারা প্রেসিডেন্টের সঙ্গে কিছু সময় অবস্থান করেন।